

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

ডিসেম্বর/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ বদরুল হাসান
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার সময় ও তারিখঃ ১৭ ডিসেম্বর, ২০১৭; বেলা ১১:০০ টা.
সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ।
সভার উপস্থিতিঃ পরিশষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধনী কিংবা সংযোজনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম তুলে ধরার জন্য অতিরিক্ত পরিচালক (প্রশাসন) কে আহ্বান জানান। সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারীর দপ্তর
১	পরিদর্শন সংক্রান্ত	ক) সভায় বিভাগের/জেলার বিভিন্ন স্থাপনা পরিদর্শন সম্পর্কে আলোচনাকালে সদস্যবৃন্দ জানান যে, যোগাযোগ মাধ্যম সহজ এমন স্থাপনায় পরিদর্শন বাদ পড়ে যাচ্ছে। ফলে বিভাগের/জেলার সকল গুদাম এমনভাবে পরিদর্শন করতে হবে যেন কেন কোন গুদাম পরিদর্শন বিহীন না থাকে। খ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ একেকজন এককভাবে পরিদর্শন করছেন এবং ত্রুটি বিচ্যুতি নিয়ে আলোচনা করছেন। ফলে এ বিষয়ে অভিন্ন পরিদর্শন ছক বা নির্দেশনার উপর গুরুত্বারোপ করা হয়। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো এবং অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা অভিমত প্রকাশ করেন যে, পরিদর্শন বিষয়ক ছক অনুযায়ী তথ্য-উপাত্ত প্রদান আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকদের জন্য কঠিন হয়ে যাচ্ছে। অতপরঃ মহাপরিচালক মহোদয় উক্ত ছক সহজ করার জন্য পরামর্শ দেন। গ) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ হতে জারি করা নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক পাক্ষিক প্রতিবেদন পক্ষ শেষ হওয়ার ১০ দিনের মধ্যে জমা দিতে হবে এবং এর ব্যত্যয় গ্রহণযোগ্য নয় মর্মে আলোচনা হয়।	ক) কর্মকর্তাগণ এমনভাবে স্থাপনাসমূহ পরিদর্শন করবেন যেন সকল স্থাপনাতেই প্রতি মাসে কারো না কারো পরিদর্শন থাকে। খ) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের পরিদর্শনের জন্য একটি অভিন্ন সহজ ছক/চেকলিস্ট প্রণয়ন করে দিতে হবে। তার আলোকে প্রতিমাসের ৪ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের পরিদর্শন প্রতিবেদন দাখিলের ব্যবস্থা গ্রহণ করবেন। গ) পাক্ষিক প্রতিবেদন নিয়মিতভাবে প্রতিটি পক্ষ শেষ হওয়ার ৭ দিনের মধ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যাচাই করে সঠিক আছে মর্মে প্রত্যয়নসহ চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে ই-মেইল করতে হবে।	পরিচালক, (সকল)/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)/ জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
২	ভূমি সংক্রান্ত কার্যক্রম	ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর জানান যে, পঞ্চগড় এলএসডি'র জমি রক্ষার্থে খাদ্য বিভাগ শক্ত অবস্থান নিয়েছে। এলএসডি'র জমি রক্ষা বিষয়ে জেলার মাসিক সমন্বয় সভায় উত্থাপন করা হয়েছে। যে কোন আইনি প্রক্রিয়ার বিষয়ে সচেতন আছে এবং মামলা দায়ের করা হয়েছে। খ) ঈশ্বরদী এলএসডি-১ এর জমির সীমানা বিষয়ে আলোচনা করা হয়।	ক) পঞ্চগড় এলএসডি'র জমির মামলার বিষয়ে পঞ্চগড় জেলার মাসিক সমন্বয় সভার রেজুলেশন বিজ্ঞ আইন উপদেষ্টার দপ্তরে প্রেরণ করতে হবে। খ) ঈশ্বরদী এলএসডি-১ এর জমির সীমানা বিষয়ে কার্যকরী ব্যবস্থা নিতে হবে।	অতিরিক্ত মহাপরিচালক/বিজ্ঞ আইন উপদেষ্টা/ পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
৩	বিভিন্ন প্রকার মামলা	ক) মাঠ পর্যায়ের তদারকির অভাবে যদি কোন মামলার রায় সরকারের বিপক্ষে যায়, সে ক্ষেত্রে তদারকি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে জবাবদিহি করতে হবে। মহাপরিচালক জানান মামলা মোকদ্দমা কোথায় কি অবস্থায় আছে মন্ত্রী মহোদয়	ক) i) মামলা যাতে তামাদি না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে নজর রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও তদারকির ব্যবস্থা করতে হবে।	বিজ্ঞ আইন উপদেষ্টা/ পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

